গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/৩৮৩২ তারিখঃ১৯ জুলাই ২০১৭

বিষয় ঃ ১৫৪ তম কমিশন সভার কার্যবিবরণী।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫৪ তম কমিশন সভা ১৯ জুলাই, ২০১৭ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের সদস্য রহমান মুরশেদ সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট "ক"** তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫৪/১ | **আলোচ্য বিষয়:** ১৫৩তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br>**সিদ্ধান্ত :** ১৫৩তম কমিশন সভার কার্যবিবরণীর ক্রমিক সিএম/১৫৩/৫ এর সিদ্ধান্ত নিম্নরূপ সংশোধনীসহ নিশ্চিত করা হয়:<br>(ক) নিম্নবর্ণিত ১৬ (ষোল)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত: | |

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | জেনারেটরের অবস্থান | বিদ্যুৎ শাখার নথি নম্বর |
|---|---|---|---|
| ১. | খন্দকার সিএনজি এন্ড ফিলিং সেন্টার | প্লট নং- ১১৪, ১১৬ এবং ১১৭, আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা | ০৪২৪ |
| ২. | খান ব্রাদার্স শীপ বিল্ডিং লিমিটেড | হোসেনদী, গজারিয়া, মুন্সীগঞ্জ | ০৮১১ |
| ৩. | মাসাফি ব্রেড এন্ড বিস্কুট ইন্ডাস্ট্রিজ লিমিটেড | গড়াই, মির্জাপুর, টাঙ্গাইল | ০৩২১ |
| ৪. | মেসার্স বাদশা এন্ড সন্স (প্রাঃ) লিমিটেড এন্ড সিএনজি ফিলিং স্টেশন | উত্তর ইসলামপুর, পোষ্ট: জাফরাবাদ, ফৌজদারহাট স্টেশন, থানা: সীতাকুন্ড, জেলা: চট্টগ্রাম | ০২৬৪ |
| ৫. | মোল্লাহ স্পিনিং মিলস্ লিমিটেড | আঁটিবাড়ি, বাঘহাটা, নরসিংদী | ০৫৪৯ |
| ৬. | পৌষী টেক্সটাইল | কোটালির-চর, মাধবদী, নরসিংদী | ০৯১৮ |
| ৭. | আবু প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ | দক্ষিণ সালনা, জয়দেবপুর, গাজীপুর | ০৬৪০ |
| ৮. | নীট এভিনিউ লিমিটেড | ৫৩/১, মুদাফা, টঙ্গী, গাজীপুর | ০২৭৫ |
| ৯. | লিথিয়াম নীট ফেব্রিক্স লিমিটেড | লোহাকৈর, কাশিমপুর, গাজীপুর | ০৩৯০ |
| ১০. | লেভেল টু অ্যাপারেলস লিমিটেড | চারাবাগ, আশুলিয়া, ঢাকা | ০৩৬২ |
| ১১. | মার্ক এবিএস টাওয়েলস লিমিটেড | ভাংনাহাটী, শ্রীপুর, গাজীপুর | ০৮৫৪ |
| ১২. | জেনসন এন্ড নিকোলসন (বিডি) লিমিটেড | ৭০, পূর্ব নাসিরাবাদ শি/এ, বায়েজীদ বোস্তামী রোড, চট্টগ্রাম | ০৬৬৫ |
| ১৩. | খান সিএনজি ফিলিং স্টেশন | ভাওরাঈদ, কাউলতিয়া, গাজীপুর সদর, গাজীপুর | ০৫৩৪ |
| ১৪. | জুপিটার বাটন ইন্ডাস্ট্রিজ লিমিটেড | সিএস, এসএ-২৪/১৮০, নালিয়াটেকি, রাজাবাড়ী, শ্রীপুর, গাজীপুর | ০২৯২ |
| ১৫. | হামিদ সোয়েটার লিঃ | ১৪০, ধউর, তুরাগ, উত্তরা, ঢাকা | ০৫৯৬ |
| ১৬. | মধুমতি সিরামিকস লিমিটেড | ১২, গেন্ডা, সাভার, ঢাকা | ০৬৯১ |

(খ) নথিভুক্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহের তালিকা প্রণয়ন করে পরবর্তী সময়ে তাদের নতুন করে আবেদন করার জন্য অনুরোধ জানাতে হবে।

| | | |
|---|---|---|
| ১৫৪/২ | **আলোচ্য বিষয়:** ১৫৩তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৫৩তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৫৪/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ৩৬০ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছরের মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. প্রাইমোর্ডিয়াল লিমিটেড [৩৬/১, ইটাহাটা, কলেজ পাড়া, চন্দনা, জয়দেবপুর, গাজীপুর] এর অনুকূলে ৩৬০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৪/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ৬০৮ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. ইসলাম নিট ডিজাইনস লিমিটেড [(ক) জরুন কোনাবাড়ি, গাজীপুর-৫০৮ কি:ও: এবং (খ) ৩০১, নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর-১০০কি:ও: ] এর অনুকূলে ৬০৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৪/৫ | **আলোচ্য বিষয়:** সকল তালিকাভুক্তি লাইসেন্সকে লাইসেন্স ক্যাটাগরীতে রূপান্তর সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের গ্যাস বিভাগে বর্তমানে তিন ক্যাটাগরীতে (রীতিসম্মত, তালিকাভুক্তি ও সাময়িক) লাইসেন্স প্রদান করা হয়ে থাকে। ৩০/১১/২০০৮ তারিখে অনুষ্ঠিত কমিশনের ৭৪তম প্রশাসনিক সভার সিদ্ধান্ত মোতাবেক যেসকল প্রতিষ্ঠান ২০০৮ সালের পূর্বে বিস্ফোরক অধিদপ্তরের 'ছ' ফরম/লাইসেন্স পেয়েছে তাদেরকে "তালিকাভুক্তি লাইসেন্স" হিসেবে এবং ২০০৮ এর পরবর্তী সময়ে যারা বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত হয়েছে তদেরকে "রীতিসম্মত লাইসেন্স" প্রদান করা হয়।<br><br>বর্তমান প্রেক্ষাপটে উক্ত ক্যাটাগরীর যৌক্তিকতা না থাকায় কমিশনের গত ০৫/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত ১৫২তম সভায় "তালিকাভুক্তি লাইসেন্স" এবং "রীতিসম্মত লাইসেন্স" ক্যাটাগরীর পরিবর্তে সকল প্রকার লাইসেন্সকেই শুধুমাত্র লাইসেন্স বলে গণ্য করা হবে বলে মতামত প্রকাশ করা হয়।<br><br>কমিশনের গ্যাস শাখা হতে এ পর্যন্ত ২১৬টি তালিকাভুক্তি লাইসেন্স এবং ১৪৭টি রীতিসম্মত লাইসেন্স প্রদান করা হয়েছে। লাইসেন্স সার্টিফিকেটের ক্রমিক ঠিক রাখা, তথ্য প্রাপ্তি এবং হিসাব রাখার সুবিধার্থে ইত:পূর্বে প্রদত্ত ২১৬টি তালিকাভুক্তি লাইসেন্সকে লাইসেন্স ক্যাটাগরীতে ট্রান্সফারপূর্বক রীতিসম্মত লাইসেন্স এর তালিকার ১৪৮ নম্বরটি তালিকাভুক্তি লাইসেন্স এর প্রথম লাইসেন্স হিসেবে রূপান্তরের মাধ্যমে সকল তালিকাভুক্তি লাইসেন্সগুলোকে নতুনভাবে ক্রমিক নম্বর প্রদান করা যেতে পারে। উক্ত মতে তালিকাভুক্তি লাইসেন্স এর ২১৬ নম্বরটি নতুন তালিকানুযায়ী ৩৬৩ নম্বর লাইসেন্স হবে। উদাহরণস্বরূপ: রেইনবো সিএনজি সার্ভিস স্টেশনটি বর্তমান তালিকাভুক্তি লাইসেন্স ক্যাটাগরীর ১৮২তম ক্রমিকে থাকায় উক্ত লাইসেন্সটি নতুন লাইসেন্স তালিকানুযায়ী (১৪৭+১৮২)=৩২৯তম ক্রমিকে রূপান্তর করে লাইসেন্স প্রদান করা হবে। এছাড়াও পরবর্তীতে নতুন যেসব লাইসেন্স প্রদান করা হবে সেগুলিকে ৩৬৫ নম্বর হতে লাইসেন্স প্রদান করা হবে।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) এখন হতে 'তালিকাভুক্তি লাইসেন্স' এবং 'রীতিসম্মত লাইসেন্স' বলতে আলাদা কিছু থাকবে না।সকল প্রকার লাইসেন্সকেই লাইসেন্স বলে গণ্য করা হবে; | |

| | | |
|---|---|---|
| | (খ) কমিশন কর্তৃক বিভিন্ন সিএনজি স্টেশনের অনুকূলে প্রদত্ত ২১৬টি তালিকাভুক্তি লাইসেন্স, লাইসেন্স ক্যাটাগরীর ১৪৮ হতে ৩৬৩ পর্যন্ত ক্রমিকে রূপান্তর করে লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়।<br><br>(গ) ১৪৯তম কমিশন সভার সিদ্ধান্ত (সিএম/১৪৯/১৬) মোতাবেক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০১৬ সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটি তালিকাভুক্তি লাইসেন্স, লাইসেন্স ক্যাটাগরীতে রূপান্তরের বিষয়টি পর্যালোচনাপূর্বক সংশোধনী প্রস্তাব করবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫৪/৬ | **আলোচ্য বিষয়:** 'বসুন্ধরা এলপি গ্যাস লি:' (মংলা, বাগেরহাট)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ/বিপণন ও বিতরণের লাইসেন্স ক্যাপাসিটি বৃদ্ধি ও সংশোধন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বসুন্ধরা এলপি গ্যাস লি: এলপি গ্যাস মজুদকরণ, বিপণন/বিতরণের ক্ষমতা ৬৮,৫০০ হতে ২,০০,০০ মেট্রিক টন বৃদ্ধি ও লাইসেন্স সংশোধনের আবেদন করেছে। তবে পরবর্তীতে চাহিদ জবাব পত্র মতে ১,৫৬,০০০ মেট্রিক টন ক্ষমতা বৃদ্ধির আবেদন করেছে। লাইসেন্স সংশোধন ফিস বাবদ ৫,০০০/-(পাচ হাজার) টাকা জমা দিয়েছে। প্রতিষ্ঠানটির বর্তমান মজুদকরণ ক্ষমতা (ট্যাংক) : ৩,০০০ মেট্রিক টন ও নতুন নির্মাণাধীন ট্যাংক (জুলাই/২০১৭ সম্পন্ন হবে) : ২,০০০ মেট্রিক টন। প্রতিষ্ঠানটি ০১/০১/২০১৭ হতে ৩০/০৬/২০১৭ পর্যন্ত ৬ মাসে এলপি গ্যাস আমদানি করেছে ৬০,০০০ মেট্রিক টন। বাকী ৬ মাসে আমদানি করবে ৬০,০০০-৭০,০০০ মেট্রিক টন। বছরে আমদানির পরিমাণ ১,৩০,০০০ মেট্রিক টন। প্রতিষ্ঠিানটি এলসি সংক্রান্ত কাগজ দাখিল করেছে। প্রতি মাসে তাদের বাজার চাহিদা ২০% বৃদ্ধি পেতে পাবে। প্রতি মাসে উৎপাদন ক্ষমতা ১৫,০০০ মেট্রিক টন হিসেবে বার্ষিক উৎপাদন ক্ষমতা ১২x১৫,০০০=১,৮০,০০০ মেট্রিক টন।<br><br>সভায় বসুন্ধরা এলপি গ্যাস লি: (মংলা, বাগেরহাট)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বিপণন/বিতরণের বার্ষিক ক্ষমতা ৬৮,৫০০ মেট্রিক টন হতে ১,৫০,০০০ মেট্রিক টনে বৃদ্ধিকরণসহ ২৮/১২/২১০৭ তারিখ পর্যন্ত সংশোধিত সাময়িক লাইসেন্স প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** 'বসুন্ধরা এলপি গ্যাস লি:'(মংলা, বাগেরহাট)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বিপণন/বিতরণের বার্ষিক ক্ষমতা ৬৮,৫০০ মেট্রিক টন হতে ১,৫০,০০০ মেট্রিক টনে বৃদ্ধিকরণসহ ২৮/১২/২১০৭ তারিখ পর্যন্ত সংশোধিত সাময়িক লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫৪/৭ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মুল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ৩(তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১) হাসান কনষ্ট্রাকশনস্, হাজী মীর আহমেদ বিল্ডিং, ২৩৪, খাতুনগঞ্জ, চট্টগ্রাম;<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ মাদারবাড়ি, ডবলমুরিং, চট্টগ্রাম<br>বার্ষিক চাহিদা: Bitumen (60/70): 10,000 M.T<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে।<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৫৪/৮ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপনন/বিতরণের জন্য ৩(তিন)টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে সাময়িক লাইসেন্সের অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ**<br>(ক) পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপনন বিতরণের জন্য/কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে নিম্নবর্ণিত ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. ডিউরেবল প্লাস্টিক লিঃ ,প্রান আরএফএল সেন্টার, ১০৫ মধ্য বাড্ডা, ঢাকা-১২১২;<br>প্রকার : মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা : কালিগঞ্জ, মুলগাও, গাজীপুর<br>বার্ষিক চাহিদা : Paraffin Wax: 21 M.T<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>মেয়াদ :ইস্যু তারিখ হতে ০৩ মাস (তিন) | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ২. ফেম এক্সেসরিজ লিঃ [প্লট নং-৭১, ডিইপিজেড, গণকবাড়ি, আশুলিয়া সাভার, ঢাকা-১৩৪৯]<br>প্রকার : মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা : মৌজাঃ গণকবাড়ি, আশুলিয়া সাভার, ঢাকা-১৩৪৯ [<br>বার্ষিক চাহিদা : Paraffin Wax: 1,000 Kg, Liquid Wax: 500 Litres<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>মেয়াদ: ০৪/০১/২০১৭ হতে ০৩/১০/২০১৭<br>(খ) ইনডিপেনডেন্ট পেট্রোলিয়াম কোম্পানী [হাউজ-৯৩৬ (ফ্ল্যাট-এ), রোড-১৩, এভিনিউ-২, ডিওএইচএস, মিরপুর, ঢাকা-১২১৬]-এর পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপণন/বিতরণের লাইসেন্সের আবেদনটি পুন:পরীক্ষাপূর্বক উপস্থাপন করতে হবে। | |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | |
|---|---|---|
| ১৯/০৭/১৭<br>(মো: মিজানুর রহমান)<br>সদস্য | ১৯/৭/১৭<br>(মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | ১৯/০৭/২০১৭<br>(রহমান মুরশেদ)<br>সদস্য |

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/৬৮৬২

তারিখ: ১৯ জুলাই, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা [মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য]।
৪। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা [মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য]।

১৯/০৭/২০১৭
(একেএম মনোয়ার হোসেন আখন্দ)
পরিচালক (গ্যাস)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)